

কাগজবিহীন অফিস হতে চলেছে পাবিপ্রবি

পাবনা প্রতিনিধি

২৪ মে ২০২৩ ০৯:২৪ পিএম | আপডেট: ২৪ মে ২০২৩

০৯:২৪ পিএম



পাবিপ্রবিতে অটোমেশন সিস্টেমের শুভ উদ্বোধন। ছবি: সংগৃহীত

advertisement..

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে অফিস অটোমেশন সিস্টেমের উদ্বোধন করা হয়েছে। আজ বৃহবার বিকেলে কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের মিলনায়তনে এই উদ্বোধন অনুষ্ঠিত হয়। অটোমেশন সিস্টেমের ফলে পেপারলেস অফিস হতে চলেছে পাবিপ্রবি। সকল দাপ্তরিক ও শিক্ষা কার্যক্রম হবে অটোমেশনের আওতাভুক্ত। একজন শিক্ষার্থীর ভর্তি থেকে শুরু করে শিক্ষাজীবনের চূড়ান্ত সনদ তোলার প্রক্রিয়া হবে কাগজবিহীন। কাগজছাড়া চলবে বিশ্ববিদ্যালয়ের সামগ্রিক কার্যক্রম।

সরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে পাবিপ্রবি ষষ্ঠতম। যারা অটোমেশনের যাত্রা শুরু করল। আজ বিকেলে উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন এক অনুষ্ঠানে এই অটোমেশন সিস্টেমের শুভ উদ্বোধন করেন।

advertisement

তিনি বলেন, ‘আগামীর বাংলাদেশ বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে চলবে। সেই লক্ষে স্মার্ট বাংলাদেশ গড়ার কাজে হাত দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। আমরা স্মার্ট বিশ্ববিদ্যালয় গড়ে তুলব। আমরা স্মার্ট নাগরিক তৈরি করব। সে লক্ষ্যে সুযোগ সুবিধার অংশ হিসেবে অফিস অটোমেশনের যাত্রা শুরু হলো। আমরা সরকারি বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে প্রথমদিকে আছি যারা অফিস অটোমেশনের কাজ শুরু করলাম।’

তিনি আরও বলেন, ‘অটোমেশন সিস্টেমের মাধ্যমে সকল কাজ ঝামেলাইনভাবে দ্রুত সম্পন্ন করা যাবে। এতে সময় বাঁচবে। কাগজ লাগবে না। সময় ও সম্পদের সাশ্রয় হবে। হয়রানি কমবে। স্বচ্ছতা ও জবাবদিহীতা বাড়বে। দায়িত্ববোধের সঙ্গে আমরা সবাই কাজ করতে বাধ্য হব। একজন শিক্ষার্থীকে সর্বোচ্চ সেবা দেওয়া যাবে। পেপারলেস অফিস হয়ে উঠবে। কাগজ লাগবে না। কাগজের জন্য গাছ কাটতে হবে না। পরিবেশের উন্নতি ঘটবে।’

অনুষ্ঠানে কোষাধ্যক্ষ ও ডেভেলপমেন্ট অব অফিস অটোমেশন অ্যান্ড কম্পিউটারাইজড একাউন্টটিং সিস্টেমের আহ্বায়ক অধ্যাপক ড. কে এম সালাহ উদ্দীনের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান। এ ছাড়াও রেজিস্ট্রার বিজন কুমার বৰুৱা, প্রক্টর কামাল হোসেনসহ বিভিন্ন অনুষদের ডিন, বিভাগীয় চেয়ারম্যান, সিনিয়র শিক্ষক ও দপ্তর প্রধানরা উপস্থিতি ছিলেন।

অনুষ্ঠানের শুরুতে অফিস অটোমেশন সিস্টেম সফটওয়্যার এডুসফের পরিচালক হাসান সরওয়ার সফটওয়্যারটি সম্পর্কে ধারণা দেন। তিনি একটি ডকুমেন্টারি প্রদর্শন করেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন বঙ্গবন্ধু হলের প্রভোষ্ঠ ড. ওমর ফারুক।